গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
অধিশাখা-২(মাঠ প্রশাসন)
www.minland.gov.bd

**পরিপত্র**

স্মারক নং-৩১.০০.০০০০.০৪৬.৫৮.০৩৩.১৬-৮৯৭

তারিখঃ ১৩ পৌষ, ১৪২৩বাং
২৭ ডিসেম্বর, ২০১৬ইং

বিষয় ঃ কোর্ট অব ওয়ার্ডস এর রিটেইনেবল সম্পত্তি ১ নং খাস খতিয়ানভুক্ত করণ।

Court of Wards Act,1879 এর ৬(ই) তে প্রদত্ত ক্ষমতাবলে ১৯০৭-১৯০৮ সনে ঢাকা নওয়াব এস্টেট এবং ১৯১১-১৯১২ সনে ভাওয়াল রাজ এস্টেট কোর্ট অব ওয়ার্ডসের তত্ত্বাবধানে আনয়ন করা হয়। উক্ত আইনের ৫ ধারা মোতাবেক ব্রিটিশ ভারতে 'বেঙ্গল বোর্ড অব রেভিনিউ', পাকিস্তান আমলে "বোর্ড অব রেভিনিউ" এবং বাংলাদেশ আমলে "সরকার" অর্থাৎ ভূমি মন্ত্রণালয় কোর্ট অব ওয়ার্ডসের দায়িত্ব পালন করে আসছে। বর্তমানে ভূমি মন্ত্রণালয়ের পক্ষে ভূমি সংস্কার বোর্ড কোর্ট অব ওয়ার্ডসের ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত আছে।

২। কোর্ট অব ওয়ার্ডস ভাওয়াল রাজ এস্টেটের কোন বৈধ উত্তরাধিকারী না থাকায় সরকার State Acqusition & Tenancy Act,1950 এর ধারা ৯২(১)(এ), গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সংবিধানের অনুচ্ছেদ ১৪৩(১)(গ) এবং মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের ৫৪২৭/০৮ নং রিট মামলায় প্রদত্ত আদেশ মোতাবেক উক্ত এস্টেটের সমুদয় খাস রিটেইনেবল সম্পত্তি ১নং খাস খতিয়ানভুক্ত করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। তদপ্রেক্ষিতে উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো, যথা:-

(ক). উক্ত এস্টেটের ঢাকা, গাজীপুর, ময়মনসিংহ ও নারায়ণগঞ্জ জেলায় অবস্থিত সম্পত্তিসমূহ যেখানে যে অবস্থায় আছে (সম্পদ, দায়-দেনা, মামলা-মোকদ্দমা ও ব্যবস্থাপনার সাথে সংশ্লিষ্ট জনবলসহ) সেই অবস্থাতেই সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসকগনের উপর ন্যস্ত হবে। সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণ Court of Wards Act,1879 এর ধারা ২০ মোতাবেক উক্ত সম্পত্তিসমূহের ম্যানেজারের দায়িত্ব পালন করবেন।

(খ). সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণ স্ব স্ব অধিক্ষেত্রাধীন সহকারী কমিশনার (ভূমি)গণকে মিস কেস সৃজনের মাধ্যমে সংশ্লিষ্ট আইন ও বিধি মোতাবেক উক্ত সম্পত্তি খাস ঘোষণাপূর্বক ১নং খতিয়ানভুক্ত করার নির্দেশ প্রদান করবেন।

(গ). জমি খাসকরণ প্রক্রিয়ায় জমির মালিকানা সরকারের উপর অর্পিত হবে বিধায় উক্ত এস্টেটের ব্যবস্থাপনার সাথে সম্পৃক্ত কর্মকর্তা-কর্মচারীদের সরকারি বিধি-বিধান মোতাবেক যোগ্যতা অনুযায়ী সরকারের যে কোন মন্ত্রণালয়, বিভাগ, দপ্তর, অফিসে আত্মীকরণ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। তবে, যাদেরকে বিধি মোতাবেক আত্মীকরণ করা সম্ভব হবেনা, তাদেরকে স্ব স্ব এস্টেটের তহবিল হতে বিধি মোতাবেক আনুতোষিক বা পারিতোষিক প্রদানের কার্যক্রম গ্রহণ করতে হবে।

(ঘ). উক্ত এস্টেটের সি.এস. রেকর্ডীয় যেসকল সম্পত্তি আর.এস. জরিপে ১নং খাস কিংবা ১/১ নং খতিয়ানভুক্ত হয়েছে অথবা অর্পিত সম্পত্তির বাতিলকৃত 'খ' তালিকাভুক্ত হয়েছে, সেই সকল সম্পত্তিও খাস খতিয়ানভুক্ত হবে।

(ঙ). খাসকরণ প্রক্রিয়া শেষ না হওয়া পর্যন্ত প্রচলিত নিয়মে উক্ত এস্টেটের জমির ইজারাদান প্রক্রিয়া অব্যাহত থাকবে। সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণ উক্ত ইজারা কার্যক্রম তদারক করবেন এবং খাসকরণ প্রক্রিয়া শেষ হওয়ার পর যথাযথ পদ্ধতিতে উক্ত জমির ব্যবস্থাপনা কার্যক্রম পরিচালনা করতে হবে।

৩। কোর্ট অব ওয়ার্ডস ঢাকা নওয়াব এস্টেটের রেহেন দলিলে আবদ্ধ (indenture) সম্পত্তিসমূহের উত্তরাধিকারী বিদ্যমান থাকায় এবং উক্ত সম্পত্তির মালিকানা দাবি করে বিভিন্ন আদালতে দায়েরকৃত মামলাসমূহ বিচারাধীন থাকায় এ পর্যায়ে ঢাকা নওয়াব এস্টেটের সম্পত্তি খাসকরণের আওতাভুক্ত হবে না।

মেছবাহ উল আলম
সচিব
ভূমি মন্ত্রণালয়

স্মারক নং-৩১.০০.০০০০.০৪৬.৫৮.০৩৩.১৬-৮৯৭/১(১৬০) তারিখঃ ১৩ পৌষ, ১৪২৩বাং
২৭ ডিসেম্বর, ২০১৬ইং

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্যসচিব/এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক, প্রধানমন্ত্রীর কার্যালয়।
০২। সিনিয়র সচিব/সচিব,..................................................মন্ত্রণালয়/বিভাগ(সংশ্লিষ্ট সকল))।
০৩। চেয়ারম্যান, ভূমি আপিল বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
০৪। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা।
০৫। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
০৬। বিভাগীয় কমিশনার, ..............................................(সকল)।
০৭। অতিরিক্ত সচিব,..................................................ভূমি মন্ত্রণালয়(সকল)।
০৮। যুগ্মসচিব,..................................................ভূমি মন্ত্রণালয়(সকল)।
০৯। জেলা প্রশাসক, গাইবান্ধা..................................................(সকল)।
১০। জোনাল সেটেলমেন্ট অফিসার, ..................................(সকল)।
১১। প্রোগ্রামার, ভূমি মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ
০১। মহাপরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০২। মাননীয় মন্ত্রী/মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়।
০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়।

২৭/১২/১৬
(মোঃ মনিরুজ্জামান মিঞা)
উপসচিব
ফোন-৯৫৪০১৭২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
(রাজস্ব শাখা)
গাইবান্ধা

স্মারক নং-৩১.৫৫.৩২০০.০৩১.০৬.০০৮.১৬- ৫৩(৭) তারিখ ঃ ৮/০১/২০১৭ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও পত্রের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

(মোঃ আব্দুর রাফিউল আলম)
রেভিনিউ ডেপুটি কালেক্টর
গাইবান্ধা।

সহকারী কমিশনার(ভূমি)
..............................(সকল)
গাইবান্ধা।